রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২০, ২০২৬

[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৩০.০০.০০০০.০২৬.৩৩.০০৪.২২-৩০—দেশের বেসামরিক বিমান পরিবহন কার্যক্রম সহজীকরণের নিমিত্ত, আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচলের সাথে সম্পর্কিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিমানবন্দর ও বিমান সংস্থার মধ্যে সমন্বয় স্থাপনের উদ্দেশ্যে জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কমিটি (National Air Transport Facilitation Committee-NATFC) নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

ক্রঃ নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম	কমিটিতে পদমর্যাদা
১.	চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)	সভাপতি
২.	ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ	সদস্য
৩.	সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)	সদস্য
৪.	সদস্য (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)	সদস্য
৫.	সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)	সদস্য
৬.	সদস্য (এটিএম), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)	সদস্য
৭.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
৮.	অতিরিক্ত মহাপরিচালক (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা	সদস্য
৯.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য

মূল্য : টাকা ৪.০০

ক্রঃ নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম	কমিটিতে পদমর্যাদা
১০.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
১১.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
১২.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি	সদস্য
১৩.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
১৪.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
১৫.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
১৬.	যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রতিনিধি	সদস্য
১৭.	জাতীয় রাজস্ব বোর্ড (কাস্টমস) এর প্রতিনিধি	সদস্য
১৮.	সভাপতি, এয়ারলাইন্স অপারেটর কমিটি (এওসি)	সদস্য
১৯.	ডিআইজি (ইমিগ্রেশন) স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ	সদস্য
২০.	সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)	সদস্যসচিব

কমিটির কার্যপরিধি

(ক) জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কর্মসূচি (National Air Transport Facilitation Programme) যথাযথ বাস্তবায়ন তদারকি করা;

(খ) আন্তর্জাতিক বিমান পরিবহন সেবার ক্ষেত্রে প্রয়োগযোগ্য ছাড়পত্রের আনুষ্ঠানিকতা সম্পর্কিত নীতির প্রশ্নাবলি পর্যালোচনা করা;

(গ) আন্তর্জাতিক বিমানবন্দরসমূহের বিমানবন্দর সহজীকরণ কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা করা;

(ঘ) জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কর্মসূচি (National Air Transport Facilitation Programme) সাথে সসম্পৃক্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও প্রতিষ্ঠানের নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশ করা;

(ঙ) দেশের বিমান পরিবহন কার্যক্রমকে অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক অঙ্গণে প্রভাবিত করে এমন কোনো গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল ক্ষেত্রে সংগঠিত হলে, সে সম্পর্কে দেশের সংশ্লিষ্ট বিভাগ, কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠানকে অবগত করা;

(চ) বিমান পরিবহন সহজীকরণ নীতি ও কার্যক্রমের খসড়া প্রণয়নসহ অন্যান্য কর্মকাণ্ডের জন্য প্রয়োজনে উপ-কমিটি গঠন; এবং

(ছ) সভাপতি কর্তৃক বছরে অন্তত ০২ বার অথবা প্রয়োজন মোতাবেক সভা আহবান করা।

০২। জনস্বার্থে জারীকৃত প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd